


যুগান্তর

কুবির 'সি' ইউনিটে ভর্তি পরীক্ষা সম্পন্ন

ফল প্রকাশ ১২ নভেম্বর

প্রকাশ : ১০ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



কুবি প্রতিনিধি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক প্রথমবর্ষের 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। শনিবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়সহ ৬টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। 'সি' ইউনিটে প্রায় ৭০ শতাংশ শিক্ষার্থী অংশগ্রহণ করে বলে নিশ্চিত করেছেন ইউনিট প্রধান অধ্যাপক ড. আমজাদ হোসেন সরকার। এর আগে শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত 'এ' ইউনিট এবং বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আগামী ১২ নভেম্বর একযোগে তিন ইউনিটের ফল প্রকাশ করা হবে বলে জানান ভর্তি পরীক্ষা কেন্দ্রীয় কমিটির সদস্য সচিব।

প্রথম দিনের ভর্তি পরীক্ষায় আবেদনকৃতদের মধ্যে 'এ' ইউনিটে প্রায় ৬৫ শতাংশ এবং 'বি' ইউনিটে প্রায় ৭২ শতাংশ পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। এই শিক্ষাবর্ষে 'এ' ইউনিটে (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) সাতটি বিভাগে মোট ৩৫০টি আসনে ভর্তির জন্য ২৬ হাজার ৯৭৫ জন এবং 'বি' ইউনিটে (কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ) আটটি বিভাগে ৪৫০টি আসনের বিপরীতে ২৮ হাজার ২৯৫ জন এবং 'সি' ইউনিটে (বিজনেস স্টাডিজ অনুষদ) চারটি বিভাগে ২৪০টি আসনের বিপরীতে ১২ হাজার ৮০৭ জন শিক্ষার্থী আবেদন করে। যেখানে 'এ' ইউনিটে মোট ১৭,৪৩৪ জন এবং 'বি' ইউনিটে ২০,৩০৮ জন এবং 'সি' ইউনিটে ৮,৯৭৯ জন শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ও ভর্তি পরীক্ষার কেন্দ্রীয় কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. মো. আবু তাহের বলেন, 'সুস্থিতাবেই ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। কোনো কেন্দ্রে তেমন কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। আগামী ১২ নভেম্বর সব ইউনিটের ফলাফল একযোগে প্রকাশ করা হবে।'

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।